# নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চকবিরাম, নওগাঁ।

ফোন : ০২৫৮৮৮৮২৫৯৯
ই-মেইল : naogaonpbs1@gmail.com
ওয়েব : www. pbs1. naogaon.gov.bd


স্মারক নং-২৭.১২.৬৪০০.৫৩৬.০১.০৩৮.২২. ১৮৬২ তারিখঃ ২২ বৈশাখ, ১৪২৯ বঃ। / ০৫ মে, ২০২২ খ্রিঃ।

## জেনারেল ম্যানেজার, নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চকবিরাম, নওগাঁ।

ডেডিকেটেড ইন্টারনেট সংযোগ স্থাপনের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল।

প্রতি,

…………………………………………

…………………………………………।

১। জেনারেল ম্যানেজার এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হইয়াছে এবং তিনি জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করিতে ইচ্ছুক।

২। ইচ্ছুক দরপত্রদাতাগণ সকল কার্য দিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অভীষ্ট কার্য ও ভৌত সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা পরিদর্শন করিতে পারিবে।

৩। 'কোটেশন দলিল' ব্যবহার করিয়া কোটেশন প্রস্তুত ও দাখিল করিতে হইবে।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হইবে না। তবে দরপত্র দলিলের আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ-এ বর্ণিত ওয়্যারেন্টি পিরিয়ড নিশ্চিত করনের লক্ষে ক্রয় আদেশপ্রাপ্ত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে ১০% নিরাপত্তা জামানত কর্তন করা হইবে যাহা সফলভাবে ওয়্যারেন্টি পিরিয়ড অতিক্রম সাপেক্ষে ফেরত প্রদান করা হইবে।

৬। সিলমোহরকৃত খাম ১২/০৫/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকার পূর্বে নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা-তে কোটেশন দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে "ডেডিকেটেড ইন্টারনেট সংযোগ স্থাপন'' কাজের দরপত্র এর জন্য কোটেশন এবং ১২/০৫/২০২২ খ্রিঃ, বেলা ১১:৩৫ ঘটিকার পূর্বে খোলা যাইবে না" লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

৭। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮এর বিধি ৭১(৪) এর উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হইতে দাখিলের জন্য নির্ধারিত সময়-সীমা যথাযথভাবে কারণ লিপিবদ্ধ করিয়া যুক্তিসংগতভাবে অনধিক ১০ (দশ) দিন বৃদ্ধি করিতে পারিবে।

৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকিবে।

১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা যাইবে না।

১১। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে উহাতে দরপত্রদাতার উদ্ধৃতদর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সকল ধরনের কর, শুল্ক ও আবগারি, ফি, লেভি এবং আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১২। দর টাকায় উদ্ধৃত করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধ ও টাকায় করা যাইবে। দরপত্র দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, চুক্তিকালীন স্থির অঙ্কে থাকিবে।

১৩। দরপত্র দাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্র দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর সনদ ও ভ্যাট রেজিষ্ট্রেশন এর সত্যায়িত অনুলিপি, ওয়্যারেন্টি পিরিয়ড নিশ্চিতকরণ সংক্রান্ত স্বাক্ষরিত প্রমানক এবং কোনো তফসিলি ব্যাংক হইতে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

চলমান পাতা-২

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করিবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৫। উদ্ধৃত একক দর ও মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর প্রাধান্য পাইবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকিবে।

১৬। ক্রয় আদেশ জারির তারিখ হইতে ১৫ (পনেরো) দিনের মধ্যে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করিতে হইবে।

১৭। ক্রয়াদেশ, যাহা সরবরাহকারী ও ক্রয়কারীকে অবশ্যপালনীয় চুক্তিতে আবদ্ধ করে, অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে জারি করিতে হইবে।

১৮। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করিবে।

১৯। সার্ভার স্থাপনের জন্য অফিস প্রতি ০২ (দুই) টি করে Static Real IP সরবরাহ করতে হবে। Real IP স্থাপন করতঃ Router এর মাধ্যমে Database Server কে Internet এর যে কোন Source হতে Uniquely Access এর উপযোগী করে দিতে হবে।

২০। পরবর্তীতে কোন স্থাপনা/ যন্ত্রপাতি যেমনঃ ওভারহেড/ আন্ডারগ্রাউন্ড ক্যাবল (অপটিক্যাল ফাইবার), রেডিও ডিভাইস, রাউটার, মিডিয়া কনভার্টার ইত্যাদি প্রয়োজন হলে যাবতীয় স্থাপনা/ যন্ত্রপাতি আংশিক/ সম্পূর্ণ অকার্যকর হলে দরদাতা প্রতিষ্ঠানকে তার নিজস্ব ব্যবস্থাপনা/ খরচে তা স্থাপন এবং নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে। নওগাঁ পবিস-১ কর্তৃপক্ষ মাসিক সংযোগ ফি ব্যতিত দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত বর্ণিত মালামাল এবং রক্ষণাবেক্ষণের বিপরীতে পরবর্তীতে আর কোন অর্থ পরিশোধ করবে না।

২১। Dedicated Internet Connection Monitoring এর কাজ করবেন অত্র পবিসের এজিএম(আইটি-১/২)/জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১/২)/সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১/২)।

(মোঃ রবিউল হক)
জেনারেল ম্যানেজার
নওগাঁ পবিস-১।

**অনুলিপিঃ- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় এবং নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহঃ**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। **(বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)**
০৩। জেলা প্রশাসক / পুলিশ সুপার, নওগাঁ।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ।
০৫। মেয়র, নওগাঁ পৌরসভা, নওগাঁ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------------------------ পবিস ১/২/৩/৪।
০৭। নির্বাহী প্রকৌশলী (সিস্টেম অপারেশন ও বিতরণ), বাপবিবো, নওগাঁ।
০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ, নওগাঁ।
০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবো, নওগাঁ।
১০। ডিজিএম, নিয়ামতপুর/মান্দা/বদলগাছি/আত্রাই/রানীনগর জোনাল অফিস, নওগাঁ পবিস-১।
১১। এজিএম (ওএন্ডএম), সতীহাট সাব-জোনাল অফিস, নওগাঁ পবিস-১।
১২। এজিএম (অর্থ/ওএন্ডএম), নওগাঁ পবিস-১।
১৩। এজিএম (আইটি), নওগাঁ পবিস-১। **(অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)**
১৪। মেসার্স ---------------------------------------।
১৫। নোটিশ বোর্ড, নওগাঁ পবিস-১।
১৬। অফিস/মাষ্টার কপি ।

05.05.22
(মোঃ আরিফুল ইসলাম)
এজিএম (প্রশাসন) অঃ দাঃ
নওগাঁ পবিস-১।